দৈনিক সংবাদ

24

তারিখ 14 DEC 1987
পৃষ্ঠা 1 কলাম 8

# মাধ্যমিক বিদ্যালয়ে মুক্তিযুদ্ধের ইতিহাস শিক্ষা দেয়ার নির্দেশ

মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে সকল শ্রেণীতে "বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস" শিক্ষা দেয়ার জন্য মন্ত্রী পরিষদ শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে। গতকাল রোববার রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে বঙ্গভবনে মন্ত্রী পরিষদের সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। খবর বাসস'র।

সভায় বিমান যাত্রীদের চলাচলের সুবিধার্থে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরের বিপরীত দিকে একটি রেলষ্টেশন নির্মাণ করারও সিদ্ধান্ত নেয়া হয়েছে।

মন্ত্রি পরিষদ এই সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য এবং বিমানবন্দরের ষ্টেশন থেকে শহরের ষ্টেশনগুলোর মধ্যে নিয়মিত ট্রেন চলাচলের ব্যবস্থা করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে।

NSTITUT
HANDA
HA